ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ১৯২ ● কলকাতা ● ৩০ আষাঢ়, ১৪৩১ ● সোমবার ● ১৫ জুলাই, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা




নিজের তৈরি নিয়ম ভাঙলেন অক্ষয়

পৃঃ ৫



আইসিসির জুন মাসের সেরা ক্রিকেটার বুমরাহ

পৃঃ ৬

## জয়ের ধারা অব্যাহত রাখতে

### সমস্ত কর্মীকে সমন্বয়ের সঙ্গে কাজ করার সংকল্প নিতে হবে" ---উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলতি বছরে লোকসভা নির্বাচনে উত্তরপ্রদেশে বিজেপি বড় ধাক্কা খেয়েছে। উত্তরপ্রদেশে ৮০টি আসনের মধ্যে বিজেপি মাত্র ৩৩টা আসন দখল করতে পেরেছে। রবিবার এই বিষয় লখনৌতে রাজ্য বিজেপির ওয়ার্কিং কমিটির বৈঠকে আলোচনা করা হয়। উক্ত আলোচনা সভায় মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ কেন্দ্র ও রাজ্য সরকারের কাজের প্রশংসা করে বিজেপি কর্মীদের উৎসাহিত করার পাশাপাশি বিরোধীদের আক্রমণ করে রাজ্যে সুশাসনের দাবি করেন। তিনি বলেন আগে মহরমের তাজিয়া যখন বের হতো তখন খুঁটি উপড়ে গাছ কাটা হতো কিন্তু এখন রাজ্যে সুশাসন প্রতিষ্ঠিত হওয়ায় আর যেসব হয় না।

এরপর ৩ পাতায়

## মানিকতলা উপনির্বাচনে এবার

### তৃণমূলের বাজি ছিলেন সুপ্তি পাণ্ডে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মানিকতলা উপনির্বাচনে এবার তৃণমূলের বাজি ছিলেন সুপ্তি পাণ্ডে। দুঁদে রাজনীতিক সাধন পাণ্ডের স্ত্রীয়ের হাতেই এই আসনে ঘাসফুল ফোটানোর দায়িত্ব তুলে দেওয়া হয়। সেই দায়িত্ব পূরণে সক্ষম হয়েছেন সাধন-জায়া। কল্যাণ চৌবেকে বিরাট ব্যবধানে হারিয়ে জয়ী হয়েছেন তিনি। এরপরেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যপাধ্যায় সম্বন্ধে একাধিক অজানা তথ্য তুলে ধরেন মানিকতলার নব নির্বাচিত বিধায়ক।উল্লেখ্য, মানিকতলার বিধায়ক সাধন পাণ্ডে প্রয়াত হওয়ার কারণে এবার এই আসনে উপনির্বাচন হল। প্রথমে কানাঘুষো শোনা যাচ্ছিল, সাধন-সুপ্তির মেয়ে শ্রেয়াকে প্রার্থী করা হবে এই কেন্দ্রে। তবে পরে সামনে আসে সুপ্তির নাম। গতকাল ভোটের ফলাফল প্রকাশের পর দেখা যায়, বিজেপির কল্যাণ চৌবেকে বিরাট ব্যবধানে হারিয়েছেন তিনি।

একুশের ভোটেও পদ্ম শিবিরের তরফ থেকে দাঁড় করানো হয়েছিল কল্যাণকে। সেবার সাধনের কাছে প্রায় ২০ হাজার ভোটে পরাজিত হয়েছিলেন তিনি। তবে এবার জয়ের মার্জিনের নিরিখে স্বামীকে পিছনে ফেলে দিয়েছেন সুপ্তি। প্রায় ৬৩ হাজার ভোটে কল্যাণকে পরাজিত করেছেন সাধন-জায়া।

শোভনদেব চট্টোপাধ্যায়, সুব্রত মুখোপাধ্যায়ের পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রায়

এরপর ৩ পাতায়

## অল্পের জন্য প্রাণে বেঁচেছেন

# প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কান চিড়ে গিয়েছে গুলি। রক্তাক্ত মুখ। অল্পের জন্য প্রাণে বেঁচেছেন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর উপরে এই প্রাণঘাতী হামলার পর অবশেষে প্রতিক্রিয়া দিলেন প্রাক্তন প্রেসিডেনট। পেনসেলভেনিয়ার ঘটনা নিয়ে ট্রাম্প বলেন, 'আমায় লক্ষয় করে গুলি চালানো হয়েছিল, যা আমার ডান কানের উপরের অংশ চিরে চলে যায়।'পুলিশের পাল্টা গুলিতে নিহত সম্ভাব্য বন্দুকবাজ। পাশাপাশি এক নিরাপরাধ ব্যক্তিরও মৃত্যু হয়েছে। ডোনাল্ড ট্রাম্প লিখেছেন, "আমি আমেরিকা সিক্রেট সার্ভিস, আইন প্রশাসনকে ধন্যবাদ জানাতে চাই তাদের তাৎক্ষণিক পদক্ষেপের জন্য। তবে সবথেকে গুরুত্বপূর্ণ, আমি ওই নিহতের পরিবারের প্রতি সমবেদনা জানাই যিনি মারা গিয়েছেন এবং আরেকজন, যিনি গুরুতর আহত হয়েছেন, তার প্রতি।"

ট্রাম্প আরও বলেন, "আমাদের দেশে এমন ঘটনা ঘটতে পারে ভেবেই অবাক হচ্ছি। হামলাকারী, যার মৃত্যু হয়েছে, তার সম্পর্কে কিছু জানা যায়নি। আমার কান ঘেঁষে গুলি বেরিয়ে গিয়েছে। অনেক রক্তপাত হয়েছে। তখন আমি বুঝতে পারি যে কী হয়েছে। গড ব্লেস আমেরিকা।"ফের একবার প্রেসিডেন্ট নির্বাচনে সামিল হয়েছেন প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রাথমিক ট্রেন্ডে প্রতিদ্বন্দ্বী জো বাইডেনের থেকে কিছুটা এগিয়েও রয়েছেন। শনিবার নির্বাচনী প্রচারেই পেনসেলভেনিয়ার বাটলার শহরে গিয়েছিলেন ট্রাম্প। সেখানেই সভা চলাকালীন তাঁকে লক্ষ্য করে গুলি চলে।

এরপর ৩ পাতায়

## ডোনাল্ড ট্রাম্পের উপর

### হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পেনসিলভেনিয়ার সভায় প্রাক্তন প্রেসিডেন্ট তথা প্রেসিডেন্ট পদপ্রার্থী ডোনাল্ড ট্রাম্পের উপর হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি এই হামলার তীব্র বিরোধিতা করেছেন। সেই সঙ্গে 'বন্ধু' ট্রাম্পের দ্রুত সুস্থতাও কামনা করেছেন তিনি।উল্লেখ্য, শনিবার পেনসিলভেনিয়ায় ট্রাম্পের সভা চলাকালীন এক বন্দুকবাজ গুলি চালান। গুলি ট্রাম্পের কান ঘেঁষে বেরিয়ে গিয়েছে। ভাষণ দিতে দিতে আচমকা কানে হাত দিয়ে মঞ্চে বসে পড়েন রিপাবলিকান প্রেসিডেন্ট পদপ্রার্থী। পর পর তিনটি গুলির শব্দ শোনা যায়। মুহূর্তে শুরু হয় হুড়োহুড়ি। ট্রাম্পকে উদ্ধার করে সরিয়ে নিয়ে যান নিরাপত্তারক্ষীরা। তাঁর কান থেকে রক্ত গড়িয়ে পড়তে

এরপর ৩ পাতায়








তথ্য ও সংস্কৃতি বিভাগ ◻ পশ্চিমবঙ্গ সরকার

১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা – ৭০০০২০

## মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

### ৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আগামী আগস্ট থেকে সেপ্টেম্বর ২০২৪–এর মধ্যে রাজ্যের ৫টি স্থানে একটি করে ৫দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন।কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

| ক্রমিক সংখ্যা | বিভাগের নাম | তারিখ | স্থান | বিভাগের অন্তর্গত জেলা | সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | মালদা বিভাগ | ১২ – ১৬ আগস্ট ২০২৪ | বহরমপুর | উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ | বহরমপুর ০২.০৮.২০২৪ |
| ২ | প্রেসিডেন্সি বিভাগ | ১৭ – ২১ আগস্ট ২০২৪ | বারুইপুর | কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া | আলিপুর (কলকাতা) ০৮.০৮.২০২৪ |
| ৩ | জলপাইগুড়ি বিভাগ | ২৮ আগস্ট – ০১ সেপ্টেম্বর ২০২৪ | কোচবিহার | আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং | কোচবিহার ০৫.০৮.২০২৪ |
| ৪ | বর্ধমান বিভাগ | ০৯ – ১৩ সেপ্টেম্বর ২০২৪ | বর্ধমান | পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, বীরভূম | পূর্ব বর্ধমান ০৯.০৮.২০২৪ |
| ৫ | মেদিনীপুর বিভাগ | ১৮ – ২২ সেপ্টেম্বর ২০২৪ | ঝাড়গ্রাম | বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া | ঝাড়গ্রাম ২২.০৮.২০২৪ |

যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩০ বছর। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোনো জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে – নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শীতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর। দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ২০ /০৭ /২০২৪ এর মধ্যে workshop.pbna@gmail.com –এ মেইল করে আবেদন করবেন। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশগ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ : (০৩৩) ২২২৩ -১১৩২

সচিব
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

# মহিলার শরীরে ছিল সার্জিক্যাল ব্লেড, যার জেরেই মৃত্যু হয়েছে অন্তঃসত্ত্বা মহিলার




স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : চিকিৎসকদের ভারতে ঈশ্বর হিসাবে মানা হয়। তাঁরা নাকি ঈশ্বরের মতো মৃত মানুষের শরীরের প্রাণ ফেরাতে পারে। কিন্তু অনেক সময় ঈশ্বরের মতো চিকিৎসকদেরও ভুলভ্রান্তি হয়। যার জেরে ক্ষতিগ্রস্ত হতে হয় সাধারণ মানুষকে। ঘটনার পরে মেরঠের চিফ মেডিক্যাল অফিসারের কাছে অভিযোগ জানানো হয়েছে। এই ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হয়েছে এবং সাসপেন্ড করা হয়েছে অভিযুক্ত হাসপাতালের লাইসেন্স। উত্তরপ্রদেশে সম্প্রতি একটি ঘটনা নিয়ে এমনই অভিযোগ উঠেছে চিকিৎসকদের বিরুদ্ধে।মেরঠে সন্তানপ্রসব করতে গিয়ে সম্প্রতি মৃত্যু হয় এক মহিলার। ভাগ্যের পরিহাস মেনে নিয়ে মৃত মহিলার দেহ হাসপাতাল থেকে বাড়িতে নিয়ে আসে তাঁর পরিবার। তারপরে সমস্ত ধর্মীয় আচার মেনে মৃতদেহ সৎকার করা হয়। মৃতদেহ সম্পূর্ণ দাহ হলে সেখান থেকে চিতাভস্ম সংগ্রহ করার সময় শিউরে ওঠে পরিবার। চিতাভস্ম থেকে এমন জিনিষ পাবেন তা সেই মহিলার পরিবারের সদস্যরা আশাই করেননি।

ঘটনাটি ঘটেছে রখৌরা খুর্দ গ্রামের হস্তিনাপুর থানা এলাকায়। অন্তঃসত্ত্বা মহিলাকে মেরঠের জেকে হাসপাতালে প্রসবযন্ত্রণা নিয়ে ভর্তি করা হয়েছিল। কিন্তু অপারেশন চলাকালীন প্রাণ হারান সেই মহিলা। তাঁর অস্থিভস্ম সংগ্রহ করার সময় পরিবারের সদস্যরা সেখান থেকে একটি সার্জিক্যাল ব্লেড খুঁজে পান। ঘটনার আকস্মিকতায় বাকরুদ্ধ হয়ে যায় মৃত মহিলার পরিবার। সম্পূর্ণ ঘটনা তাঁরা সমাজমাধ্যমে পোস্ট করেছেন। পরিবারের অভিযোগ, অপারেশনের পরেও মহিলার শরীরে ছিল সার্জিক্যাল ব্লেড, যার জেরেই মৃত্যু হয়েছে অন্তঃসত্ত্বা মহিলার।

# হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় নিখোঁজের আট দিন পরেও মেলেনি রোগীর খোঁজ

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : বালুরঘাট সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় নিখোঁজের আট দিন পরেও মেলেনি রোগীর খোঁজ। বিষয়টি জানাজানির পরই বালুরঘাট থানায়, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ও বালুরঘাট জেলা হাসপাতালের সুপারের কাছে লিখিত অভিযোগ দায়ের করে রোগীর পরিবার। তারপরেও মেলেনি খোঁজ। হাসপাতালে এতো সিসিটিভি ও নিরাপত্তার ব্যবস্থা থাকার পর কী করে রোগী নিখোঁজ হয় তা নিয়ে প্রশ্ন উঠছে।এমনকি এই হাসপাতালে অস্থায়ী নিরাপত্তা রক্ষী রয়েছে। পাশাপাশি হাসপাতাল চত্বরে পুলিশ ফাঁড়ি রয়েছে। এত কিছুর পরও একজন রোগী কীভাবে নিখোঁজ হয় তা নিয়ে প্রশ্ন উঠছে। এদিকে নিখোঁজের আটদিন পরেও নিখোঁজ রোগীর খোঁজ না মেলায় ক্ষুব্ধ গ্রামবাসীরা হাসপাতালে বিক্ষোভ দেখান।এদিকে নিখোঁজ রোগীর খোঁজেও না পাওয়ায় রবিবার দুপুরে বালুরঘাট জেলা হাসপাতালে তাণ্ডব চালানোর অভিযোগ রোগীর পরিবারের সদস্যদের বিরুদ্ধে। উলটে পালটে দেওয়া হয় হাসপাতালের ভেতরের বসার চেয়ার। দরজা ভেঙে ফেলার চেষ্টা চলে। খবর পেয়ে ঘটনাস্থলে যান বালুরঘাট থানার আইসি শান্তিনাথ পাঁজা। পরিস্থিতি সামাল দিতে চাপে পড়ে পুলিশ। পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে যায় কম ব্যাট ফোর্স। জানা গিয়েছে, নিখোঁজ ওই ব্যক্তির নাম সুনীল ওরাও। বছর পঞ্চান্নর বাড়ি বালুরঘাট ব্লকের অমৃতখণ্ড গ্রাম পঞ্চায়েতের এক মাইলে। গত কয়েকদিন ধরে শারীরিক দুর্বলতার সমস্যায় ভুগছিলেন। গত ৫ জুলাই শুক্রবার বিকালে তাঁকে বালুরঘাট সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করেন ছেলে। শনিবার অনেকটা সুস্থ হন তিনি। ওইদিন রাতে বাবাকে দেখে ছেলে ও পরিবারের সকলে বাড়ি যান। রবিবার সকালে গিয়ে দেখেন হাসপাতালে সুনীল ওঁরাও নেই। হাসপাতালের নার্স বা অন্য স্বাস্থ্যকর্মীরা বলতেও পারছে না কখন থেকে তিনি নিখোঁজ। পরবর্তীতে ওই বিভাগের অন্য রোগীদের কাছ থেকে জানতে পারেন শনিবার মধ্য রাতে হাসপাতাল থেকে বেরিয়ে যান ওই নিখোঁজ ওই ব্যক্তি। এদিকে ওই ব্যক্তি নিখোঁজ হলে পরেও হাসপাতালের তরফে পরিবারকে দেওয়া হয়নি কোনও রকম খবর। সুপার স্পেশালিটি হাসপাতাল জুড়ে সিসিটিভি রয়েছে।



# মামাকে কুড়ুল দিয়ে কুপিয়ে খুন করল ভাগ্নে

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : টাকা-পয়সা, সম্পত্তির ভাগ-- এসব নিয়ে বরাবরই ঝামেলা ছিল মামা-ভাগ্নের।অশান্তি লেগেই থাকত প্রায়। অভিযোগ, মদ খেয়ে এসে মামার সঙ্গে প্রায়ই ঝামেলা করত ভাগ্নে। এর জেরে মামাকে কুড়ুল দিয়ে কুপিয়ে খুন করল সে! পুলিশ জানিয়েছে, পশ্চিম মেদিনীপুরের ডেবরা ব্লকের চকবাজিত এলাকার এই ঘটনায় ভাগ্নেকে গ্রেফতার করা হয়েছে।অন্যদিকে, অভিযুক্ত ভাগ্নেকে ধরে ফেলে স্থানীয়রা, কাছেই একটি বাঁশগাছে বেঁধে রাখা হয় তাকে। ডেবরা থানা থেকে পুলিশ এসে গ্রেফতার করে। ভাগ্নের শাস্তির দাবি জানিয়ে সরব হয়েছেন এলাকাবাসী। পাশাপাশি তাঁদের দাবি, মদের ঠেকগুলো বন্ধ করা হোক।স্থানীয় সূত্রের খবর, মৃত মামার নাম ক্ষুদিরাম মুখি, তাঁর বয়স হয়েছিস ৪৭ বছর। তাঁর সঙ্গে অভিযুক্ত ভাগ্নের বিবাদ চলছিল বছর খানেক ধরে। অনেকবার মধ্যস্থতা করে ঝামেলা মেটানোর চেষ্টা করা হলেও, মামা-ভাগ্নের সম্পর্ক ঠিক হয়নি, উল্টে তিক্ততা আরও বেড়েছে। তবে তার জন্য যে খুনোখুনি হয়ে যাবে, তা কেউ ভাবেননি। এলাকাবাসীর অভিযোগ, শনিবার আকণ্ঠ মদ খেয়ে এসে মামার কাছে টাকা চায় ভাগ্নে। মামা টাকা না দিতে পারায় মামাকে কুড়ুল দিয়ে কোপ মারে সে! মামার চিৎকারে প্রতিবেশীরা ছুটে আসে। রক্তাক্ত অবস্থায় তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে, মারা গেছেন বলে জানান চিকিৎসকরা






## দু' দফায় বেশ কয়েকজন মাদকাসক্ত ও মাদক বিক্রেতাকে

# হাতেনাতে ধরে পুলিশের হাতে তুলে দিলো যুব তৃনমূল কর্মীরা



বেবি চক্রবর্তী: জলপাইগুড়ি: নিউজ সারাদিন : জলপাইগুড়ি শহরের ২৫ নং ওয়ার্ড নেতাজি পাড়া পরেশ মিত্র কলোনি এলাকায়। এই এলাকায় দীর্ঘদিন ধরে মাদকাসক্ত যুবকদের সংখ্যা বেড়েই চলেছে বলে অভিযোগ। আর এই নিয়ে এলাকায় চুরি ছিন্তাই সহ বিভিন্ন ধরনের অশান্তি লেগেই থাকছে বলে অভিযোগ স্থানীয় বাসিন্দাদের। জলপাইগুড়ি তে এধরণের ঘটনায় পুলিশ ও আবগারি দপ্তরের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠতে শুরু করেছে বিভিন্ন মহলে।জানা গেছে শনিবার দুপুরে মাদক কিনবার টাকা আদায়ের জন্য তাঁর বাড়ির লোকের উপর ধারালো অস্ত্র নিয়ে চড়াও হয় এক যুবক। খবর যায় স্থানীয় যুব তৃনমূল কর্মীদের কাছে। এরপর তৃণমূল কর্মীরা ওই যুবককে পাকড়াও করে। তাঁকে জিজ্ঞাসাবাদ করে ওই এলাকার আরও যুবকের নাম পায়। এরপর পাড়াতেই তল্লাশি চালালে মাদক সেবন করতে দেখতে পায় আরও দুই যুবককে। তাঁদের পাকড়াও করে। পরে কোতোয়ালি থানায় খবর দিলে পুলিশ এসে নেশাগ্রস্তদের আটক করে নিয়ে যায়। এই ঘটনায় জলপাইগুড়ি কোতোয়ালি থানায় ৬ জনের নামে লিখিত অভিযোগ দায়ের করার পাশাপাশি আবগারি দপ্তরের অভিযোগ জানানো হয়েছে বলে জানা গেছে।অপরদিকে দুপুরের রেশ কাটতে না কাটতেই শনিবার রাতে ফের এক মাদকাসক্ত যুবককে হাতেনাতে ধরে এলাকার বাসিন্দারা। এরপর কোতোয়ালি থানায় খবর দিলে পুলিশ এসে তাঁকে আটক করে নিয়ে যায়।নেশাগ্রস্ত যুবকের দাদা হারাধন সূত্রধর বলেন আমার ভাই নেশা করে। তাই রাতেই ভাইকে পুলিশের হাতে ধরিয়ে দিলাম।স্থানীয় বাসিন্দা রঞ্জিত মোহন্ত বলেন এই যুবক ফলের ব্যাবসা করে। নিজে মাদক সেবন করে এবং তাঁর দোকানের কর্মচারী সহ আরও অনেকের কাছে মাদক বিক্রি করে। আমরা আগেও কয়েকজনকে হাতেনাতে ধরে পুলিশের হাতে তুলে দিয়েছিলাম। কিন্তু এরা ছাড়া পেয়ে যায়। শহরকে নেশা মুক্ত করতে পুলিশকে আরও সক্রিয় হতে হবে।এলাকার যুব তৃনমূল নেতা দীপঙ্কর ঝাঁ বলেন শহরে ক্রমশই বাড়ছে নেশাখোরদের দৌরাত্ম্য। অল্প বয়সী একদল যুবক শহরের স্টেশন বাজার সংলগ্ন এলাকায় ব্রাউন সুগার, গাজা সহ বিভিন্ন ধরনের মাদক ক্রয় ও বিক্রির রমরমা কারবার বলে অভিযোগ। এরা ২৫ নং ওয়ার্ড নেতাজি পাড়া পরেশ মিত্র কলোনি এলাকায় মাদক সেবন ও মাদক বিক্রি করে। এইসব ঘটনার জন্য জলপাইগুড়ি শহরের আইন শৃঙ্খলার যথেষ্ট অবনতি হচ্ছে। পুলিশ চেষ্টা চালাচ্ছে। এরসাথে সাধারন মানুষকেও সচেতন হতে হবে।আবগারি আধিকারিক সঞ্জীব সুব্বা বলেন মাদকের বিরুদ্ধে আমাদের লাগাতার অভিযান চলছে। অভিযোগ পেয়েছি ফের অভিযান হবে।

## বর্ধমানে পিটিয়ে খুন , ছেলেধরাদের

# হাতে নাতে ধরে গনধোলাই - সচেতনে ও প্রতিবাদে স্বপন দত্ত বাউল

স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন : পূর্ব বর্ধমানের তেলিপুকুর সংলগ্ন শহর এলাকায় এক যুবককে পিটিয়ে মেরে ফেলার ঘটায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। অপরদিকে তেলমারুই পাড়ায় দুই যুবক যুবতী , যুবকটি মেয়ের পোশাকে এবং যুবতী ছেলের পোশাক পরে এলাকায় ঘুরছিলো বাচ্চা দের চকলেট দিচ্ছিলো এ রকম লক্ষণ দেখে এলাকার মানুষ ছেলেধরা সন্দেহে ধরে ফেলে গণধোলাই দেওয়ার পর পুলিশের হাতে তুলে দেয়। এই ছেলেধরার ঘটনায় শহরের মানুষ ছেলে মেয়েদের নিরাপত্তায় ভুগছে। এছাড়া রাজ্যের জেলায় জেলায় অযথা গুজব ছড়িয়ে গণপিটুনি গনধোলাই গণ হত্যা , এমনকি বিবস্ত্র করে নারী পুরুষকে অমানসিক অত্যাচার এবং বোলপুরে ঘুমন্ত জীবন্ত মানুষকে আগুনে পুড়িয়ে মারার ঘটনা খবরে দেখে শুনে সকলের মুখে একটাই কথা সোনার বাংলা বুঝি ধ্বংস হতে চলছে। শনিবার সকাল থেকেই বর্ধমানের প্রাণ কেন্দ্র কার্জন গেটের সামনে নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে সমাজ ও সমাজের মানুষকে সচেতন করতে স্বপন দত্ত বাউল গানের মাধ্যমে ও তার বক্তব্যে সচেতন ও প্রতিবাদ করলেন।তিনি বলেন গুজবে কান দিও না কেউ,গুজব ছড়ানো বন্ধ করো। ছেলেধরা,চোর, ডাইনি সন্দেহে গনপিটুনি গনধোলাই গণ হত্যা না করে পুলিশ প্রশাসনের হাতে তুলে দিন। কেউ আইন হাতে তুলে নেবেন না। স্বপন বাউল বক্তব্যে বলেন একশ্রেণীর দাঙ্গাবাজ মানুষ অশান্তির সৃষ্টি করছে তারাই গুজব ছড়াচ্ছে, গনপিটুনি গনধোলাই গণ হত্যায় উস্কানি দিয়ে সমাজে শান্তি ভঙ্গ করছে। বার বার বলছেন ছেলেধরা চোর ডাইনি অপবাদে সন্দেহ হতেই পারে অচেনা অজানা মানুষের চালচলন তার ব্যবহার ও কর্ম দেখে সঙ্গে সঙ্গে তাকে ধরে পুলিশ প্রশাসনের হাতে তুলে দিন। আইন হাতে তুলে কেউ নেবেন না। গুজব ছাড়ানো বন্ধ করুন। সারা রাজ্যের জেলায় জেলায় ঘুরে নিঃস্বার্থ ভাবে এমন ভাবে গানে বক্তব্যে বুঝিয়ে জনগণ কে সচেতন করতে দেখে বর্ধমানের মানুষ স্বপন বাউলকে অনেকেই ধন্যবাদ জানায়।

## মণিপুরে হিংসা অব্যাহত, আততায়ীর গুলিতে নিহত সিআরপিএফ জওয়ান




**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** মণিপুরের জিরিবামে গুলি চালানোর ঘটনায় তিন সিআরপিএফ জওয়ান আহত হয়েছেন। জানা গেছে এই তিন কমান্ডোরের গায়ে গুলি লেগেছে।

জিবিরাম এলাকায় সিআরপিএফ এর এই জওয়ানরা টহল দেবার সময় আততায়ীরা অতর্কিতে গুলি চালিয়েছে বলে জানা গেছে। যে তিন জওয়ান গুলির আঘাতে আহত হয়েছেন তার মধ্যে একজন বিহারের বাসিন্দা বলে জানা গেছে। এই জওয়ানের কপালে গুলি লাগার পর তাঁকে হাসপাতালে নিয়ে আসা হলে হাসপাতালের তরফ থেকে তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়। সকাল সাড়ে এগারোটা নাগাদ যখন এইগুলি লড়াই শুরু হয় তখন তিনি জওয়ানদের গাড়ি চালাচ্ছিলেন। এই ঘটনার তীব্র নিন্দা করেছেন মনিপুরের মুখ্যমন্ত্রী বীরেন সিং। তিনি জওয়ানদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য কয়েকদিন আগে কেন্দ্রের বিরোধী দলনেতা রাহুল গান্ধী মনিপুরে গিয়ে ত্রাণ শিবিরে থাকা মানুষদের সঙ্গে কথা বলেন। ত্রাণ শিবিরে থাকা বাসিন্দারা রাহুল গান্ধীকে দেখে অনেকেই কান্নায় ভেঙে পড়েন। ত্রান শিবিরে থাকা বাসিন্দাদের মধ্যে অনেকেই জানেন না তাদের পরিবারের লোকেরা কোথায়, কিভাবে আছেন, আবার অনেকে স্বজন হারানোর পাশাপাশি চরম নির্যাতিতাও হয়েছেন।

মনিপুর ঘুরে আসার পর কেন্দ্রের বিরোধী দলনেতা প্রধানমন্ত্রীকে সেখানে যাবার অনুরোধ করে জানিয়ে বলেছিলেন, কয়েক মাস ধরে মনিপুরে হিংসা বেড়ে উঠেছে। এইভাবে হিংসা বেড়ে উঠতে দেওয়া যায় না।

## ২২ শে জুলাই সিইএসসি অভিযানের ডাক দিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যের মানুষের ওপর বিদ্যুতের বিলের চাপ ক্রমশ বাড়ছে। যেমন খুশি বিদ্যুতের বিল বাড়ানো হচ্ছে। এই অভিযোগে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আগে অভিযোগ করলেও এবার সিইএসসির অফিসের সামনে অভিযানের ডাক

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

## অল্পের জন্য প্রাণে বেঁচেছেন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প

নিজস্ব সোশ্যাল সাইট ট্রুথে গোটা ঘটনার প্রতিক্রিয়া দিয়ে ট্রাম্প বলেন, “আমার ডান কান ছুঁয়ে বুলেট বেরিয়ে গিয়েছে। একটা শব্দ কানে আসে, আমি সঙ্গে সঙ্গেই বুঝতে পারি যে কিছু একটা হয়েছে। মুহূর্তের মধ্যেই অনুভব করি যে বুলেট আমার ত্বক চিরে বেরিয়ে গেল।” ভিডিয়োতেও দেখা গিয়েছে, জনসভায় বক্তব্য রাখছিলেন ট্রাম্প। হঠাৎ তিনি কানে হাত দেন, লক্ষ্য করেন হাতে রক্ত। সঙ্গে সঙ্গেই মাথা নীচু করে নেন তিনি। পিছনে বসে থাকা রিপাবলিকান সমর্থকরাও মাথা পিছু করে নেন। আতঙ্কে ছোটাছুটি শুরু করেন। ৭৮ বছর বয়সী রিপাবলিকান নেতার চোট গুরুতর নয় বলেই জানা গিয়েছে। হামলার কয়েক সেকেন্ডের মধ্যেই সিক্রেট সার্ভিসের এজেন্টরা ট্রাম্পকে স্টেজ থেকে নামিয়ে গাড়ির ভিতরে নিয়ে যান।

১-ম পাতার পর

## মানিকতলা উপনির্বাচনে এবার তৃণমূলের বাজি ছিলেন সুপ্তি পাণ্ডে

সমবয়সী হলেন সুপ্তি । শনিবার সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে নানান অজানা কাহিনী তুলে ধরেন তিনি। সাধন-জায়া বলেন, 'মুখ্যমন্ত্রী আমার থেকে ৪-৫ বছরের বড়। ও স্নাতক পাশ করার পর বহুদিন বসেছিল। নিজের কাজ করছিল। এরপর ওয়ার্ল্ড হিস্ট্রি নিয়ে স্নাকতোত্তর পড়তে যায়। আমি পড়তে যাই সায়েন্স কলেজে। ও হয়তো রাজনীতি করবে ভাবতো। তবে আমরা জানতাম না মমতা আদৌ রাজনীতি করে'।

সুপ্তি বলেন, সাধন পাণ্ডের সঙ্গে বিয়ে হওয়ার পর সোমনাথ চট্টোপাধ্যায়ের পাশে মমতাকে দেখেছিলেন তিনি। সেই সময় শ্বশুরমশাইকে বলেন, মমতাকে তিনি চেনেন। এরপর উপনির্বাচনের সময় তাঁকে মমতা দেখে জিজ্ঞেস করেন, তুই কীভাবে এখানে এলি। এরপর সাধন-সুপ্তির বিয়ের কথা জানতে পারেন তিনি।

১-ম পাতার পর

## ডোনাল্ড ট্রাম্পের উপর হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী

দেখা যায়। পরে ট্রাম্প নিজে জানিয়েছেন, তাঁর ডান কানের উপরের চামড়া চিরে বেরিয়ে গিয়েছে গুলি। তবে তিনি সুস্থ আছেন।শাসকদল থেকে শুরু করে বিরোধী, সকল নেতারাই এই ধরনের হামলার বিরোধিতা করেছেন। আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন জানিয়েছেন, তাঁর দেশে এই হিংসার কোনও জায়গা নেই। সরব হয়েছেন প্রাক্তন প্রেসিডেন্ট বারাক ওবামা, জর্জ বুশেরাও।

রবিবার সকালে এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে মোদী লিখেছেন, ''আমার বন্ধু আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপর হামলার ঘটনায় আমি গভীর ভাবে উদ্বিগ্ন। এই ঘটনার তীব্র বিরোধিতা করছি। গণতন্ত্র এবং রাজনীতিতে হিংসার কোনও জায়গা নেই। ওঁর দ্রুত আরোগ্য কামনা করছি। যাঁদের মৃত্যু হয়েছে তাঁদের পরিবারের জন্য, যাঁরা জখম হয়েছেন তাঁদের জন্য এবং সর্বোপরি আমেরিকার মানুষের জন্য আমার সমবেদনা রইল।'' ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর এই পোস্ট শেয়ার করেছেন।

সাংসদ তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীও উদ্বেগ প্রকাশ করেছেন। এক্সে তিনি লিখেছেন, "আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপর হত্যার চেষ্টায় আমি গভীর ভাবে উদ্বিগ্ন। এই ধরনের আচরণের কড়া দমন প্রয়োজন। ওঁর দ্রুত এবং সম্পূর্ণ সুস্থতা কামনা করছি।''সাংসদ তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীও উদ্বেগ প্রকাশ করেছেন। এক্সে তিনি লিখেছেন, ''আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপর হত্যার চেষ্টায় আমি গভীর ভাবে উদ্বিগ্ন। এই ধরনের আচরণের কড়া দমন প্রয়োজন। ওঁর দ্রুত এবং সম্পূর্ণ সুস্থতা কামনা করছি।''ট্রাম্পের উপর হামলার নিন্দা করে পোস্ট করেছেন বাইডেনও। তিনি লিখেছেন, "পেনসিলভেনিয়ায় ডোনাল্ড ট্রাম্পের সভায় হামলার বিষয়ে আমি শুনেছি। উনি সুস্থ এবং নিরাপদ আছেন শুনে আমি কৃতজ্ঞ। আমি ওঁর জন্য, ওঁর পরিবারের জন্য এবং সভায় উপস্থিত সকলের জন্য প্রার্থনা করছি। ঘটনা সম্পর্কে আরও তথ্য জানার জন্য অপেক্ষা করছি। ট্রাম্পকে উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে যাওয়ার জন্য সিক্রেট সার্ভিসের উপর আমি এবং জিল (জিল বাইডেন, আমেরিকার ফার্স্ট লেডি) কৃতজ্ঞ। আমেরিকায় এই ধরনের হিংসার কোনও জায়গা নেই। আমাদের একজোট হয়ে এর বিরোধিতা করা উচিত।" বাইডেনের এই পোস্ট শেয়ার করেছেন ফার্স্ট লেডিও। আমেরিকার ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস এক্সে লিখেছেন, "ট্রাম্পের উপর হামলার খবর শুনলাম। উনি গুরুতর জখম হননি শুনে আমি আশ্বস্ত হয়েছি। আমরা ওঁর জন্য, ওঁর পরিবারের জন্য এবং সভাস্থলে উপস্থিত যাঁরা এই অর্থহীন হামলার দ্বারা প্রভাবিত হয়েছেন, তাঁদের জন্য প্রার্থনা করছি। আমেরিকার সিক্রেট সার্ভিস, সমস্ত নিরাপত্তারক্ষী এবং স্থানীয় উদ্ধারকারীদের প্রতি আমরা কৃতজ্ঞ। আমাদের দেশে এই ধরনের হিংসার কোনও জায়গা নেই। আমাদের একজোট হয়ে এই হিংসার বিরোধিতা করতে হবে এবং এই ঘটনাকে কেন্দ্র করে আর কোনও নতুন হিংসা যাতে না ঘটে, তা নিশ্চিত করতে হবে।''প্রাক্তন প্রেসিডেন্ট বারাক ওবামা লিখেছেন, ''আমাদের গণতন্ত্রে রাজনৈতিক হিংসার কোনও জায়গা নেই। ঠিক কী ঘটেছে, আমরা এখনও স্পষ্ট করে জানি না। তবে প্রাক্তন প্রেসিডেন্ট ট্রাম্প যে গুরুতর ভাবে জখম হননি, তা জেনে আমাদের আশ্বস্ত হওয়া উচিত। নাগরিক হিসাবে আমাদের রাজনীতিকে আরও সম্মান জানানো উচিত। মিশেল (ওবামার স্ত্রী) এবং আমি ট্রাম্পের দ্রুত সুস্থ কামনা করছি।"

প্রাক্তন আমেরিকান প্রেসিডেন্ট জর্জ বুশ লিখেছেন, "ট্রাম্পের উপর এই কাপুরুষোচিত হামলার নিন্দা করছি। তিনি সুস্থ আছেন শুনে আমরা আশ্বস্ত। তৎপরতার জন্য সিক্রেট সার্ভিসের সকল আধিকারিকের প্রশংসা প্রাপ্য।" ট্রাম্পের উপর হামলা নিয়ে মুখ খুলেছেন তাঁর কন্যা ইভাঙ্কা ট্রাম্পও। তিনি এক্সে লিখেছেন, "আমার বাবা এবং পেনসিলভেনিয়ার ঘটনায় আহত অন্যদের জন্য আপনাদের এই ভালবাসা এবং প্রার্থনার জন্য ধন্যবাদ। সিক্রেট সার্ভিস এবং প্রশাসনের অন্যান্য আধিকারিকের তৎপরতার জন্য আমি কৃতজ্ঞ। আমাদের দেশের জন্য আমার প্রার্থনা রইল।" এই পোস্টের সঙ্গেই বাবার উদ্দেশেও বার্তা দিয়েছেন ইভাঙ্কা। এক লাইনে লিখেছেন, ''তোমাকে ভালবাসি, বাবা।"

## খুলল পুরীর জগন্নাথ মন্দিরের রহস্যে মোড়া রত্নভাণ্ডার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** খুলল পুরীর জগন্নাথ মন্দিরের রহস্যে মোড়া রত্নভাণ্ডার। দীর্ঘ ৪৬ বছর পরে খুলে দেওয়া হয়েছে রত্ন ভাণ্ডার। রবিবার শুভ সময় দুপুর ১টা ২৮ মিনিটেই রত্ন ভাণ্ডারের দরজা খোলার প্রক্রিয়া শুরু হয়েছে। তবে তালা ভেঙে ঢুকতে হয়েছিল। ৪৬ বছর আগে টানা ৭০ দিন ধরে ভগবান জগন্নাথদেবে গয়না , দানের সামগ্রী গণনা করা ও তালিকা তৈরি করা হয়েছে। তবে এবার এই কাজে কতদিন সময় লাগে তা নিয়ে জল্পনা শুরু হয়েছে।পুরীর জগন্নাথ মন্দির প্রশাসনের প্রধান প্রশাসক অরবিন্দ পাধী জানিয়েছেন শ্রী মন্দিরের অভ্যন্তরীণ রত্ন ভাণ্ডার খোলা হয়েছে। কিন্তু চাবি দিয়ে তা খোলা যায়নি। তালা ভেঙেই মূল রত্নভাণ্ডারে প্রবেশ করতে হয়েছে।

অরবিন্দ পাধী জানিয়েছেন, চাবি দিয়ে তালা খোলা যায়নি। তালা ভেঙেই রত্ন ভাণ্ডার খোলা হয়েছে। তিনি বলেন, বাইরের রত্নভাণ্ডার সব অলঙ্কার স্থানান্তর করা হয়েছে। তিনি আরও জানিয়েছেন, রত্ন ভাণ্ডারের সামগ্রী আলমারি ও বাক্সে করে রাখা হয়েছে।

অভ্যন্তরীণ রত্ন ভাণ্ডারের সামগ্রীও কিছু কিছু সরানো হয়েছে । তবে সময় ফুরিয়ে আসার কারণে অভ্যন্তরীণ রত্ন ভাণ্ডার পুরো খালি করা যায়নি। আরও একদিন এই কাজ করা হবে। তবে বাইরের কোষাগার পুরো খালি করা হয়েছে।

অভ্যন্তরীণ রত্ন ভাণ্ডারে মূলত রয়েছে জগন্নাথদেবকে ভক্তদের দেওয়া মূল্যবান সোনা ও হীরের গয়না। আরও মূল্যবান পাথরও রয়েছে সেখানে। তিনি জানিয়েছেন, কোষাগারে প্রবেশের জন্য রাজ্য সরকার ১১ জনের যে দল তৈরি করেছিল তারাই ভিতরে প্রবেশ করেছিল।

রত্ন ভাণ্ডারে প্রবেশের আগে বিশেষ পুজো দেওয়া হয়েছিল। তারপরই ১১ জনের প্রতিনিধি দল রত্ন ভাণ্ডারে প্রবেশ করেন।

প্রতিনিধি দলের সদস্যদের কথায় ডিজিটাল ডকুমেন্টটেশনের পরই রত্ন ভাণ্ডারের সামগ্রী অন্যত্র সরানোর কাজ শুরু হয়।

৪৬ বছর পরে খোলা হল রত্ন ভাণ্ডার। এর আগে রত্ন ভাণ্ডার খোলা হয়েছিল ১৯৭৮ সালে। সেই সময় রত্ন ভাণ্ডার থেকে পাওয়া গিয়েছিল সোনা ও হীরে। রত্নভাণ্ডারের ভিতরে কী রয়েছে তা নিয়ে দেশের মানুষের মধ্যে আগ্রহ বাড়ছে। তবে রত্ন ভাণ্ডারের মেরামতির কাজ শেষ না হওয়া পর্যন্ত তা অন্য জায়গা রাখা হবে।





১-ম পাতার পর

## জয়ের ধারা অব্যাহত রাখতে সমস্ত কর্মীকে সমন্বয়ের সঙ্গে কাজ করার সংকল্প নিতে হবে" ---উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ

বিজেপির ওয়ার্কিং কমিটির এই বৈঠকে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ নির্বাচনে বিজেপির ফলাফল উল্লেখ করে বলেন "প্রধানমন্ত্রীর নেতৃত্বে ২০১৪, ২০১৭, ২০১৯ এবং ২০২২ এর ভোটে বিরোধীদের পরাজিত করেছে। তিনি নির্বাচনের ফল উল্লেখ করে বলেন, ২০১৪, ২০১৭, ২০২২ এ যে শতাংশ ভোট পেয়েছিল ২০২৪ এও একই ভোট পেয়েছে"। অতিরিক্ত আত্মবিশ্বাস কখনো আঘাতের দিকে নিয়ে যায় বলে মন্তব্য করেছেন যোগী আদিত্যনাথ। তিনি জানিয়েছেন দল জিতে যাবে এই অতিরিক্ত আত্মবিশ্বাসের ফলেই বিরোধীরা ঝাঁপিয়ে পড়েছে। এই জন্যই দলকে আঘাত পেতে হয়েছে। মুখ্যমন্ত্রী আরো বলেন ৫০০ বছরের অপেক্ষার অবসান ঘটিয়ে বিজেপি অযোধ্যায় রাম মন্দির তৈরি করেছে। তাতে অনেকটাই স্বপ্ন পূরণ হয়েছে। রাজ্যে হতে যাওয়া দশটা আসনের উপনির্বাচনে বিজেপি জয় পাবে তার জন্য কর্মীদের সঙ্ঘবদ্ধভাবে প্রচার চালাতে হবে বলে মন্তব্য করেছেন তিনি।

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ জানিয়েছেন ২০২৭ এ জয়ের ধারা অব্যাহত রাখতে সমস্ত কর্মীকে সমন্বয়ের সঙ্গে কাজ করার সংকল্প নিতে হবে।

## একুশে জুলাই "গণতন্ত্র হত্যা দিবস" পালন করবে বিজেপি -- রাজভবনের সামনে ধর্না মঞ্চে ঘোষণা করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রবিবার রাজভবনের সামনে ধর্নার শেষে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ঘোষণা করলেন এবার থেকে বিজেপি একুশে জুলাই এর তৃণমূলের শহীদ দিবসের পাল্টা 'গণতন্ত্র হত্যা দিবস' পালন করবে।

রবিবার হাইকোর্টের অনুমতিতে কাজভবনের সামনে ধর্নায় বসে বিজেপি। ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের এই ধর্না মঞ্চে আনা হয়েছে বলে বিজেপির পক্ষ থেকে জানা গেছে। এই ঝর্ণা মঞ্চ থেকে বেরিয়েই একুশে জুলাই এর বিজেপির এই নব কর্মসূচীর কথা ঘোষণা করেন শুভেন্দু বাবু। বিরোধী দলনেতার এই ঘোষণা প্রসঙ্গে তৃণমূলের রাজ্য সহ সভাপতি জয়প্রকাশ মজুমদার বলেন," গণতন্ত্র প্রেমীবাংলার লক্ষ লক্ষ মানুষ একুশে জুলাই আসবেন। শহীদের রক্তের বিনিময়ে ভারতের গণতন্ত্র রক্ষা হয়েছিল। সেটাকে গণতন্ত্র হত্যা দিবস করার চেষ্টা হলে শুভেনদু অধিকারীকে লক্ষ লক্ষ মানুষের থেকে লুকিয়ে থাকতে হবে। বিজেপি আজ গণতন্ত্র হত্যা করতে চাইছে গোটা দেশে, সংবিধান হত্যা করতে চাইছে। শুভেন্দুর এই ঘোষণা চারদিকে নিন্দিত হবে, ছি: ছি: করবে সকলে"। তিনি আরো বলেন বিজেপির কফিনে শেষ পেরেকটা শুভেন্দু এই ঘোষণার মাধ্যমে পুঁতে দিলেন। শুভেন্দু অধিকারীর এই ঘোষণায় তৃণমূল নেতা কুনাল ঘোষ জানিয়েছেন, " গুলি করে ১৩ জনকে হত্যা করা হয়। আসলে ১৪ জনকে। একজনের নাম জানা যায়নি। সেই থেকে এই দিনটি শহীদ দিবস হিসেবে পালন করে আসছেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। মাঝেমধ্যে কোন কোন দল জেগে ওঠে। একুশে জুলাই মমতার সৈনিকদের বলিদানের দিন। সিপিএম কলকাতার বুকে গণহত্যা করেছিল। মমতা দেখিয়েছিলেন কীভাবে শহীদ পরিবারের পাশে দাঁড়াতে হয়। ওই দিনটা বাংলা এবং দেশের রাজনীতির দিক নির্দেশ করে। সেটাকে নকল করে জন্য এসব করেন অনেকে"। সকাল দশটা থেকে দুপুর দুটো পর্যন্ত রাজভবনের সামনে এই ধর্না মঞ্চে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অগ্নিমিত্রা পাল, অর্জুন সিংহ তাপস রায় সহ অনেকে।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ১৯২ সংখ্যা ১৫ জুলাই, ২০২৪ সোমবার ৩০ আষাঢ়, ১৪৩১

৩ পাতার পর

## ২২ শে জুলাই সিইএসসি অভিযানের ডাক দিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী

দিলেন।

রবিবার রাজভবনের সামনে ধর্নায় বসে ছিলেন শুভেন্দু অধিকারী সহ বিজেপির কিছু নেত্রী বর্গ। এই ধর্না মঞ্চে বিধানসভা উপনির্বাচনে দলের হারের কারণ ব্যাখ্যা করার পাশাপাশি তৃণমূল সরকারকে নিশানা করেছেন বিরোধী দলনেতা। এই ধর্না মঞ্চে রাজ্যের বিরোধী দলনেতা অভিযোগ করেছেন সিইএসসি জোনে গ্রাহকদের বেশি ইলেকট্রিক বিল আসছে। ইউনিট প্রতি প্রতি বিদ্যুতের খরচ ও অনেক বেশি। তাই এই সব বিষয় নিয়ে এবার পথে নামবেন শুভেন্দু অধিকারী। শুভেন্দু বাবু জানিয়েছেন আগামী ২২ শে জুলাই বিজেপির তরফ থেকে সিইএসসির অফিস ঘেরাও কর্মসূচি নেওয়া হয়েছে। রবিবার রাজভবনের সামনে ধর্নামঞ্চে শুভেন্দু অধিকারী বলেন, " আগামী ২২ তারিখ ৪০০ কোটি টাকা চাঁদা দেওয়া সিইএসসির অফিস ঘোরাও করতে নামছি। এই রাজ্য সরকারকে জবাব দিতে হবে বিদ্যুতের বিল এইভাবে কেন বাড়ানো হলো? শুভেন্দু বাবু আরো জানান ২২ তারিখ শান্তিপূর্ণ ধর্না এবং ঘেরাও কর্মসূচি সম্পূর্ণ হবে। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সিইএসসির সামনে ২২ শে জুলাই ধর্নার কর্মসূচিতে পুলিশ অনুমতি পাওয়া যাবে কিনা সেই বিষয় চিন্তার ভাঁজ বিজেপি শিবিরে।

## সম্পাদকীয়

### শান্তিতে ঘুমনোর পক্ষে রায় দিল কলকাতা হাই কোর্ট

শান্তিতে ঘুমনোর পক্ষে রায় দিল কলকাতা হাই কোর্ট। মুর্শিদাবাদে শমসেরগঞ্জের বাসন কারখানা ১৫ দিনের মধ্যে সরানোর নির্দেশ দিল উচ্চ আদালত। প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ জানায়, ওই এলাকা থেকে বাসন কারখানা সরিয়ে ফেলতে হবে। কারখানার মালিককে ১৫ দিনের মধ্যে কারখানা অন্যত্র সরিয়ে নিয়ে যেতে হবে।মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অধীনে রাজ্যের স্বরাষ্ট্র দফতরকেও বিষয়টি জানান ওই এলাকার বাসিন্দারা। অভিযোগ জানানো হয়, জেলাশাসক, জেলা পুলিশের কাছেও। ওই কারখানা গড়তে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের অনুমতি ছিল কি না, তা জানতে চায় হাই কোর্ট। গত ৭ জুলাই প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ পর্ষদকে মামলায় যুক্ত করতে নির্দেশ দেয়। গত বৃহস্পতিবার রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ জানায়, ওই এলাকায় কারখানা তৈরির অনুমোদন তুলে নেওয়া হয়েছে। এলাকার প্রধান আদালতে জানান, প্রাথমিক ভাবে অনুমতি দেওয়া হয়েছিল। পরবর্তীতে ওই জমি যাচাই করা হয়েছে। দেখা গিয়েছে, ওই জায়গায় শুধু মাত্র বাড়ি তৈরি করা যেতে পারে। শিল্প সংক্রান্ত কোনও কাজকর্ম করা যাবে না। এর পরেই আদালত মামলাটির নিষ্পত্তি করে ওই কারখানা সরিয়ে ফেলার নির্দেশ দেয়।দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের অনুমতি রয়েছে এবং বাসিন্দাদের আপত্তি নেই, এমন এলাকায় কারখানা করা যেতে পারে। পাশাপাশি, আদালত জানায়, আপাতত ওই কারখানায় বন্ধ থাকবে বাসন উৎপাদন।বাসন কারখানার শব্দে রাতে ঘুম নষ্ট হচ্ছে। ফলে জীবনে শান্তি বিঘ্নিত হওয়ার অভিযোগ তুলে হাই কোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়। মুর্শিদাবাদের শমসেরগঞ্জের ভাসাইপাইকর গ্রামের কয়েক জন আদালতের দ্বারস্থ হন। তাঁদের বক্তব্য, ১৯৬৪ সালে ফরাক্কায় ব্যারেজ তৈরির প্রকল্পের জন্য ওই এলাকায় অনেক জমি অধিগ্রহণ করা হয়। জমি যায় মুর্শিদাবাদের মহব্বতপুর গ্রামের লোকেদেরও। পরে সরকারের তরফে জমিহারাদের কিছু পরিমাণে জায়গা দেওয়া হয়। জিয়াউল শেখ-সহ জনস্বার্থ মামলাকারীদের বক্তব্য, সরকার বাড়ি বানানোর জন্য ওই জমি দিয়েছিল। সেখানে জমি পেয়েছেন এমন এক ব্যক্তি বাড়ি না বানিয়ে সম্প্রতি বাসন তৈরির কারখানা করেছেন। ফলে ওই কারখানা থেকে ইস্পাতের ব্যাপক শব্দ হয়। রাতে ওই শব্দ আরও ভয়ানক আকার ধারণ করে। ওই শব্দে রাতে ঘুমোতে পারছেন না এলাকার বাসিন্দারা। তাঁদের আরও অভিযোগ, ওই কারখানা থেকে নির্গত বর্জ্য রাসায়নিক পদার্থ পরিবেশের ক্ষতিও করছে। এ সবের পরেও প্রশাসন কোনও পদক্ষেপ করেনি।

# পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



মৃত্যুঞ্জয় সরদার

(তৃতীয় পর্ব)



কিছু গোপন তথ্য রয়েছে শিব এবং পার্বতীকে নিয়েও। শিব হলেন হিন্দু ধর্মের প্রধান তিন দেবতার মধ্যে অন্যতম। তিনি সমসাময়িক হিন্দুধর্মের তিনটি সর্বাধিক প্রভাবশালী শৈব সম্প্রদায়ের প্রধান দেবতা। শিব হলেন ধ্বংস, সংহার ও প্রলয়ের দেবতা। কথিত আছে, শিব কৈলাস পর্বতে সন্নাসীর জীবনযাপন করে। আবার গৃহস্থে তিনিই পার্বতীর স্বামী। পার্বতী হিন্দু দেবী দুর্গার একটি রূপ। তিনি শিবের স্ত্রী এবং আদি পরাশক্তির এক পূর্ণ অবতার। তিনি গৌরি নামেও পরিচিত। শিব জীবনের বিভিন্ন সময়ে পার্বতীকে এমন অনেক মূল্যবান কথা বলেছিলেন যা আজও অনেকেরই অজানা। তবে আমরা এটা সবাই জানে তেত্রিশ কোটি দেবতার একেক জনের একেক রকমের বেশ। তবে এর মধ্যে শিব ঠাকুরের পোশাক কিন্তু বেশ 'ইউনিক'। বাঘছালকে পোশাক হিসেবে পরতে দেখা যায় একমাত্র তাঁকেই। মাথায় জটা, জটায় সাপ আর পরনে বাঘছালই অন্যান্যদের থেকে আলাদা করে দেয় শিব ঠাকুরকে। শিবের কাহিনি অনাদি কালের। হরপ্পা সভ্যতায় পূজা পেতেন এক যোগী পশুপতি। পরবর্তী কালের আর্য ঋষিরা পশুপালক ভেষজরক্ষক একাদশ রুদ্রের স্তোত্র রচনা করেছেন। আর্য ঋষিরা কিন্তু লিঙ্গ-উপাসক শিশ্নদেব, উন্মত্তবৎ আচরণ করা কেশী ও পিঙ্গলবস্ত্রধারী মুনিদের কথা জানতেন । বৌদ্ধদের মতে শিব হলেন দেবপুত্ত। দীঘ নিকায় গ্রন্থে লেখা আছে বেন্‌হু বা বিষ্ণু ও ঈশান বুদ্ধকে দেখতে এসেছেন। মহাকাব্য ও পুরাণের যুগে এসে উমা, বিনায়ক, আয়াপ্পান ও স্কন্দ সহ নানা গ্রামদেবতার মত শিব দেবলোকে প্রতিষ্ঠা পেলেন। এই ইতিহাস আদি অনাদিকাল ধরে বয়ে চলেছে,হিন্দু শাস্ত্র মতে সৃষ্টি স্থিতি ও বিনাশের দেবতা হলেন মহাদেব। এই বিশ্ব ব্রহ্মান্ড ও মানুষ সৃষ্টির মূল কারিগর হলেন দেবাদিদেব মহাদেব। তবে ইতিহাস আজো আমাদের অজানা। ইতিহাস যে চিরন্তন সত্য কথা বলে, সে কথা অস্বীকার করার মতো কেউ নেই। বেদে উল্লেখ পাওয়া যায়, যখন এই পৃথিবীতে বসবাস করা কোনও মানুষেরই মৃত্যু হত না। ফলে একটা সময়ে গিয়ে সারা পৃথিবীর খবার শেষ হতে শুরু করেছিল। সে সময়ই যম রাজ প্রথম মৃত্যুর সঙ্গে পরিচয় ঘটালো মানুষের। কারণ এমন পরিস্থিতি হয়ে গিয়েছিল যে জীবন এবং মৃত্যুর মধ্যে ভারসাম্য ফিরে আসাটা খুব দরকার ছিল। আর সেই কাজটিই করেছিলেন যোম রাজ। কিন্তু এর প্রভাবে মানুষের মনে মৃত্যু ভয় এমন ঢুকে গিয়েছিল যে তাদের সব সময়ই মনে হত তারা মরে যাবেন। এমনকি এই ভয়ের কারণে শরীরও ভাঙতে শুরু করেছিল। সে সময়ই ভগবান শিব মানবজাতির হাতে তুলেছি এক ব্রহ্মাস্ত্র, যে অস্ত্রের বলে ভয়ের উপর জিত সম্ভব ছিল। সেই ব্রহ্মাস্ত্র কি ছিল জানেন? মাহা মৃত্যুঞ্জয় মন্ত্র। মৃত্যুকে জয় করেছেন যিনি তিনি মৃত্যুঞ্জয়,তাই এই মন্তের নাম হয়েছিল মৃত্যুঞ্জয় মন্ত্র।ওম। ত্রম্বকাম যজমাহে, সুগন্ধিম পুষ্টি-বর্ধানাম, উরুভারুকম্ভিয়া বান্ধানাম, মৃত্যুয়র মুখশিয়া মামরিতাত।" প্রসঙ্গত, চার লাইনে ভাঙা এই মন্ত্রটির প্রতিটি লাইনে আটটা চিহ্ন রয়েছে, যা উচ্চারণ করার সময় সারা শরীরজুড়ে একটা কম্পন ছড়িয়ে পরে। এই কম্পনই শরীরে ভেতরে থাকা হাজারো ক্ষতকে নিমেষে সারিয়ে তোলে। শুধু তাই নয়, ব্রেন পাওয়ার বৃদ্ধিতেও বিশেষ ভূমিকা পালন করে এই মন্ত্রটি। আধুনিক কালে এই মন্ত্রটিকে নিয়ে একাধিক গবেষণা হয়েছে। তাতে দেখা গেছে মন্ত্রটি পাঠ করার সময় মস্তিষ্কের অন্দরে থাকা নিউরনগুলি এতটাই অ্যাক্টিভ হয়ে যায় যে ধীরে ধীরে মনোযোগ বৃদ্ধি পেতে শুরু করে। সেই সঙ্গে বুদ্ধি এবং স্মৃতিশক্তিরও উন্নতি ঘটে।মানব জাতির উন্নতির একমাত্র ভরসা ও আরদ্ধ দেবতা শিব।সেই কারনে কাশ্মীরে লেখা হয় শিবসূত্র। দক্ষিণে রাবণ ছিলেন শিবের উপাসক। বিষ্ণু ভক্ত আড়বারদের মত শৈব নায়নার গোষ্ঠী শিবভক্তিতে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# গুলিবিদ্ধ ট্রাম্প, বাইডেনকেই দায়ী করছেন রিপাবলিকানরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নির্বাচনী সমাবেশে গিয়ে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ও রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের বন্দুক হামলার শিকার হওয়ার ঘটনায় রিপাবলিকনরা দেশটির বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেনকেই দায়ী করছেন।

সামাজিক মাধ্যমে এক পোস্টে বাইডেনের বিরুদ্ধেওহত্যার উসকানি দেওয়ার অভিযোগ্ এনেছেন এক রিপাবলিকান কংগ্রেস সদস্য।

সিনেটর জেডি ভ্যান্স বলেছেন, বাইডেনের নির্বাচনী প্রচারণার বক্তব্য সরাসরি এই ঘটনার দিকেই নিয়ে গেছে। এই সিনেটর ট্রাম্পের ভাইস-প্রেসিডেন্ট প্রার্থী হওয়ার জন্য সংক্ষিপ্ত তালিকায় রয়েছেন বলে ধারণা করা হচ্ছে। অন্যান্য রিপাবলিকান রাজনীতিবিদরাও প্রায় একই ধরনের অভিযোগ তুলেছেন।

তবে ট্রাম্পের ওপর এই হামলার ঘটনার নিন্দা জানিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি বলেছেন, যুক্তরাষ্ট্রে এ ধরনের সহিংসতার কোনও জায়গা নেই। তিনি আরও জানিয়েছেন, ফেডারেল এজেন্সিগুলো এই হামলার ঘটনার তদন্ত করছে।

তিনি বলেন, পেনসিলভানিয়ায় ঘটে যাওয়া সহিংসতার ঘটনায় সবারই নিন্দা জানানো উচিত। আমরা কেউ এ ধরনের ঘটনা ঘটতে দিতে পারি না। আমরা এমন হতে পারি না। আমরা এ ধরনের ঘটনায় ক্ষমা করতে পারি না।

হোয়াইট হাউসের এক কর্মকর্তা জানিয়েছেন, হামলার ঘটনার পর ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে কথা বলেছেন প্রেসিডেন্ট জো বাইডেন।

তবে তাদের দু'জনের মধ্যে কী কথা হয়েছে সে বিষয়ে কিছু জানানো হয়নি। হোয়াইট হাউস জানিয়েছে, পেনসিলভানিয়ার গভর্নর জোস শ্যাপিরো এবং বাটলারের মেয়র বব ড্যানডয়ের সঙ্গেও কথা বলেছেন বাইডেন। রবিবার সকালে আইন প্রয়োগকারী কর্মকর্তারা বাইডেনকে ট্রাম্পের ওপর হামলার বিষয়ে সর্বশেষ তথ্য জানাবেন।

পেনসিলভানিয়া অঙ্গরাজ্যের বাটলারে এক নির্বাচনী জনসভায় বক্তৃতা দেওয়ার সময় স্থানীয় সময় শনিবার সন্ধ্যা ৬টা ১৫ মিনিটে হামলার শিকার হন ট্রাম্প। একেবারে তার কানে গুলি লেগেছে। তবে এতে অল্পের জন্য প্রাণে বেঁচে গেছেন এই রিপাবলিকান প্রেসিডেন্ট প্রার্থী।

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

আজ আমি এসব কথা লেখার ইচ্ছা না থাকলেও গবেষণার মুহূর্তটাকে তুলে ধরতে বাধ্য হলাম, তবে সে তথ্যচিত্রটি যেকোনো কারণে রিলিজ করা সম্ভব হয়নি। মানুষ সামাজিক জীব, সমাজবদ্ধ হয়ে বাস করবার প্রয়োজনে নানা কর্মসূত্রকে আশ্রয় করে এক একটি সমাজ সে গড়ে তোলে নিজেরই পরিপূর্ণ বিকাশের জন্য। মানব জীবন এগিয়ে চলে সমাজ - সংসার - প্রাকৃতিক পরিবেশ ও নিজস্ব বিশ্বাসকে আঁকড়ে ধরে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## অতীতের দ্বন্দ্ব-গুপ্ত প্রেম নিয়ে যা বললেন ইমরান হাশমি




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** প্রায় ২০ বছর ধরে চলা 'দ্বন্দ্বের' অবসান ঘটিয়ে অভিনেতা ইমরান হাশমি এবং মল্লিকা শেরাওয়াত কাছাকাছি এলেন। পরিচালক অনুরাগ বসুর পরিচালিথ ইরোটিক থ্রিলার 'মার্ডার' ছবিতে তাদের কামুক অভিনয় এবং রসায়ন দিয়ে ভক্ত-অনুরাগীদের মনে সাড়া জাগিয়েছিলেন। তারপর এ জুটিকে একসঙ্গে কাজ করতে দেখা যায়নি। অবশ্য ২০২১ সালে শেরাওয়াত তাদের লড়াইকে "শিশুসুলভ" হিসাবে চিহ্নিত করা সত্ত্বেও তাদের আবার একসঙ্গে দেখা যেতে আরও তিন বছর লেগেছিল।

সম্প্রতি এক সাক্ষাৎকারে হাশমি বলেন, 'এটি (সাক্ষাৎ) খুবই উষ্ণ এবং সৌহার্দ্যপূর্ণ ছিল। আমি তাকে অনেকদিন পর দেখেছি। আমার মনে হয় না মার্ডার মুক্তির পর আমি তার সাথে কয়েকবার দেখা করার পর আমাদের এরকম একটি এনকাউন্টার হয়েছে।আমরা তখন তরুণ এবং মূর্খ ছিলাম। জীবনে এমন একটি পর্যায় আসে যখন আপনার সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা এত সীমিত এবং আপনি খুব আবেগপ্রবণ হয়ে পড়েন।'

এ অভিনেতা বলেন, 'কিছু কথা তার দ্বারা বলা হয়েছিল, কিছু আমার দ্বারা, সেগুলি খারাপ ছিল। আমি মনে করি এটি কেবল অতীত হয়ে গেছে এবং আমরা এটিকে অনেক আগেই একপাশে রেখেছিলাম। তাকে দেখে খুব ভালো লেগেছিল। পরবর্তীতে যখন জিজ্ঞাসা করা হয়েছিল যে সেই একজন সহ-অভিনেতা কার সাথে তিনি আবার কাজ করতে পারতেন, ইমরান হাশমি অবিলম্বে মল্লিকা শেরাওয়াতের নাম দিয়েছিলেন।'

২০২১ সালে দ্য লাভ লাফ লাইভ শোতে মন্দিরা বেদীর সঙ্গেদ কথা বলার সময়, মল্লিকা শেরাওয়াত উল্লেখ করেছিলেন যে, তার অনেক সহ-অভিনেতার তার সাথে অহংকার সংঘর্ষ হয়েছিল। তিনি বলেন, মর্ডারের প্রচারের সময় ইমরান হাশমির সাথে সবচেয়ে মজার ছিল, যে আমাদের ভুল বোঝাবুঝি বা অন্য কিছু ছিল। এটি আমার পক্ষে খুব অপ্রত্যাশিত এবং শিশুসুলভ ছিল, কিন্তু আমিও কম নই। আমি তার সাথে যোগাযোগ হারিয়ে ফেলেছি এবং এটি সত্যিই দুঃখজনক, কারণ তিনি একজন দুর্দান্ত সহ-অভিনেতা ছিলেন। তিনি খুব বন্ধুত্বপূর্ণ এবং দানশীল। সে একজন চমৎকার ছেলে।

## নিজের তৈরি নিয়ম ভাঙলেন অক্ষয়



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অক্ষয় কুমার, বলিউডের 'খিলাড়ি'। হিন্দি চলচ্চিত্রজগতে সর্বোচ্চ উপার্জনকারী অভিনেতাদের মধ্যে প্রথম সারিতে রয়েছে তার নাম। তিন দশকের বেশি সময় ধরে বলিপাড়ায় রয়েছেন তিনি। ঝুলিতে হিট যেমন রয়েছে, ফ্লপের সংখ্যাও নেহাত কম নয়। এত বছরের অভিনয় জীবনে কোনও দিন ৮ ঘণ্টার বেশি তিনি শুটিং করেননি, কখনও নড়চড় হয়নি এই নিয়মের। কিন্তু এবার আসন্ন ছবি 'সরফিরা'র জন্য সেই নিয়ম ভাঙতে হল অক্ষয়কে।

তার নিয়মানুবর্তিতার প্রশংসা করেন বড় বড় পরিচালকরা। সময়ের বিষয়ে ভীষণ সচেতন। নির্দিষ্ট সময়ের এক ঘণ্টা আগেই সেটে পৌঁছে যান কিন্তু, নির্ধারিত সময়ের এক মিনিটও বেশি তাকে সেটে ধরে রাখা সম্ভব নয়। গত কয়েক বছরে একের পর এক শুধু ব্যর্থতাই দেখেছেন অক্ষয়। এবার রাধিকা মদনের সঙ্গে জুটি বেঁধে তাকে দেখা যাবে 'সরফিরা' ছবিতে। এটি তামিল ছবি 'সুরারাই পট্টোরু'-র রিমেক।

ছবির পরিচালক সুধা কোঙ্গরা প্রসাদ জানান, প্রথম সকলেই ভয়ে ছিলেন তাকে আট ঘণ্টার বেশি সময় শুটিং করতে বলবেন কীভাবে, তা ভেবে। যদিও পরে নিজেই রাজি হন অভিনেতা। সে কারণে কৃতজ্ঞ সুধা।

পরিচালকের কথায়, "আসলে অক্ষয় তার প্রতিটা ছবি একদম সময়ে শেষ করেন। উনি প্রথমদিনই আমাকে বলে দিয়েছিলেন, শুটিং চলাকালীন একজন সহকারীর মতো থাকবেন। ওই আট ঘণ্টা সেট থেকে কোথাও বের হন না তিনি। তবে সময় শেষ হয়ে গেলে তাকে খুঁজেও পাওয়া যায় না।"

শুটিং শেষের অভিজ্ঞতা জানাতে গিয়ে সুধা বলেন, "শেষ কিছু অংশের শুটিং বাকি ছিল। যদিও অক্ষয় স্যারের অংশের সমস্ত শুটিং হয়ে গিয়েছিল। চিত্রনাট্যের খাতিরে মনে হয়েছিল তাকে প্রয়োজন হতে পারে। তাই তাকে অনুরোধ করা হয়। কিন্তু তিনি সাফ জানিয়ে দেন, তিনি সময়ে কাজ শেষ করেছেন বাড়তি সময় দেওয়া সম্ভব নয়। আমরা পঞ্চগণিতে শুট করছিলাম। সেদিনই তার মুম্বাই ফিরে যাওয়ার কথা। আমরা সবাই ভেবেছিলাম তিনি ফিরে গিয়েছেন। তেমনই জানিয়েছিলেন অক্ষয়। কিন্তু পরদিন সকাল হতেই সেটে একদম সময়ে হাজির।" এই প্রথমবার নিয়ম ভাঙলেন অক্ষয়। সকলেই ভেবেছিলেন বেজায় চটে যাবেন অভিনেতা। কিন্তু আসলে তিনি যে পেশাদার-এর দ্বারা সে প্রমাণই দিলেন।


## স্বামীহারা গায়িকা উষা উথুপ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রসিদ্ধ গায়িকা উষা উত্থুপের স্বামী জনি চাকো উত্থুপ আর নেই। হৃদরোগে আক্রান্ত হয়ে সোমবার রাতে কলকাতায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৮ বছর। জানা গেছে, জনি চাকো যখন ঘরে বসে টিভি দেখছিলেন তখনই হৃদরোগে আক্রান্ত হন। সঙ্গে সঙ্গেই তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হলেও তাকে মৃত বলে ঘোষণা করা হয়। জনি চাকো স্ত্রী ঊষা উত্থুপ, ছেলে সানি ও মেয়ে অঞ্জলিকে রেখে গেছেন। গায়িকা ঊষা উত্থুপ এর প্রথম স্বামী ছিলেন রামু আইয়ার। জনি চাকো ছিলেন ঊষা দ্বিতীয় স্বামী। মঙ্গলবার কলকাতায় শেষকৃত্য সম্পন্ন হবে প্রয়াত জনি চাকোর। তার কন্যা অঞ্জলি উত্থুপ সোশ্যাল মিডিয়ায় প্রয়াত বাবাকে শ্রদ্ধা জানিয়ে লিখেছেন- 'আপ্পা...খুব তাড়াতাড়ি চলে গেলেন...কিন্তু আপনি যতটা আড়ম্বরপূর্ণভাবে বেঁচে ছিলেন...পৃথিবীর সবচেয়ে সুদর্শন মানুষ আপনি...আমরা আপনাকে একজন প্রকৃত ভদ্রলোক হিসেবে ভালোবাসি।' একটা সময় এঃবধ এঃবংঃবৎ হিসেবে কাজ করতেন জনি চাকো উত্থুপ। ৭০ এর দশকের শুরুতে আইকনিক ট্রিনকাসে ঊষার সঙ্গে পরিচয় হয় জনি চাকোর। চলতি বছরের ২৫ জানুয়ারি ৭৫তম প্রজাতন্ত্র দিবসের ঠিক প্রাক্কালে পদ্মভূষণ পুরস্কারের সম্মানিত হন ৭৬ বছর বয়সী ঊষা উত্থুপ। পরে তাকে এই মর্যাদাপূর্ণ পুরস্কার দেওয়ার জন্য তার পরিবার এবং সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এই সুপ্রসিদ্ধ গায়িকা।

চেন্নাই নাইট ক্লাবে গান গেয়ে নিজের পেশা শুরু করেছিলেন ঊষা উত্থুপ। সেখানেই তাকে আবিষ্কার করেছিলেন হিন্দি চলচ্চিত্র জগতের অভিনেতা দেব আনন্দ। ১৯৭১ সালের হিন্দি চলচ্চিত্র 'হরে রাম হরে কৃষ্ণ' ছবির মাধ্যমে বলিউডে পা রেখেছিলেন ঊষা। তার জনপ্রিয় কিছু গানের মধ্যে রয়েছে 'হরি ওম হরি, দোস্তন সে পেয়ার কিয়া, এক দুই চা চা, কোই য়াহা আহা নাচে নাচে, নাকা বন্দী প্রমুখ।

## ৮০ বছর বয়সেও অমিতাভের ফিট থাকার রহস্য কী?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সম্প্রতি আলোচিত বলিউড সিনেমাগুলোর একটি 'কল্কি ২৮৯৮ এডি'। মুক্তির ১২ দিনের মাথায় শুধু ভারতেই এ সিনেমার আয় প্রায় ৬০০ কোটি রুপি। নির্মাতা নাগ অশ্বিনের সিনেমাটিতে অভিনেতা অমিতাভ বচ্চনকে দেখা গেছে বহুল আলোচিত অশ্বত্থামা চরিত্রে। 'কল্কি'র একাধিক অ্যাকশন দৃশ্য যেদাপটের সঙ্গে করেছেন বিগবি, তাতে চমকে গিয়েছেন দদর্শকেরা। কিন্তু এই বয়সেও এত ফিট থাকার রহস্য কী? অমিতাভ বচ্চনের এই ফিটনেসের রহস্য ফাঁস এবার করলেন বৃন্দা ভট্ট এবং শিবোহম নামে দুই ফিটনেস-ট্রেনার।

সম্প্রতি একটি সাক্ষাৎকারে বৃন্দা ভট্ট জানিয়েছেন কেন এবং কোথায় বিগ বি অন্যদের চেয়ে আলাদা। তার কথায়, "অনেকে বলেন, 'সময় নেই বলে শরীরচর্চা করতে পারি না।' কিন্তু হাজার কাজ থাকলেও অমিতাভ বচ্চন ঠিক সময় বার করে নেন। ভাল কিছু যদি এক বার ওঁর মাথার ঢুকে যায়, তা হলে ওঁকে থামানোই মুশকিল।"

জানা গেছে, গত ২৪ বছর ধরে বৃন্দা ভট্ট এবং শিবোহমর তত্ত্বাবধানেই শরীরচর্চা করেন অমিতাভ বচ্চন। অভিনেতাকে এই বয়সেও শরীরচর্চার পাঠ দেন এই ফিটনেস প্রশিক্ষক দম্পতি। বিগ বি ছাড়াও বলিউডের বড় বড় আরো কয়েকজন তারকার ফিটনেস ট্রেনার এই দম্পতি।

কিন্তু গত ২৪ বছর বিগ বি-র কাছ থেকে বৃন্দা ভট্ট এবং শিবোহম কী শিখেছেন? নিয়মানুবর্তীতা এবং সময়জ্ঞান। এই দু'টি গুণের জন্য অমিতাভ এখনও এখনও এক নম্বরে। জবাব ওই দম্পতির। অমিতাভের কাছ থেকে তারা সময়ের মূল্য বুঝতে শিখেছেন।

বৃন্দা জানিয়েছেন, সাধারণত সকাল ৬টা থেকে শরীরচর্চা শুরু করেন অমিতাভ। কিন্তু আজ পর্যন্ত ঘড়ির কাঁটা ৬টা থেকে ৬টা বেজে ১ মিনিট হয়নি! বরং কোনও কারণে কোনও দিন প্রশিক্ষণে আসতে না পারলে আগে থেকে জানিয়ে দিতেন বচ্চন। কোনও কাজ থেকে ফিরতে দেরি হলেও অনেক আগে থেকে খবর দিয়ে দেন।

এদিকে 'কল্কি ২৮৯৮ এডি' সিনেমায় অশ্বথামা হিসেবে অমিতাভের লুক ছিল দুর্দান্ত। সাদা চুল-দাঁড়ি, চোখের নীচে গাঢ় কাজল আর কপালে হলুদ টিপ। প্রস্থেটিক মেকআপের সাহায্যে অমিতাভ থেকে অশ্বত্থমা হয়ে উঠেছিলেন বিগ বি। প্রতিদিন সেটে তিন থেকে চার ঘণ্টা মেক আপ করতে হত অমিতাভকে। ৮১ বছর বয়সী একজনের জন্য যা খুব একটা সহজ নয়। তাই সব বিতর্ককে পিছনে ফেলে অশ্বত্থমার চরিত্রে দুর্দান্ত পারফরম্যান্সের তাই প্রশংসা করতেই হয়।

## যে কারণে শ্বশুরের কাছে ক্ষমা চেয়েছিলেন শাহিদ কাপুর



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** কন্যা সন্তানের বাবা হওয়ার পরই শ্বশুরের কাছে ক্ষমা চেয়েছিলেন বলিউড অভিনেতা শাহিদ কাপুর। ২০১৫ সালে মীরা রাজপুতের সঙ্গে বিয়ের পিঁড়িতে বসেন তিনি। গত রবিবার ছিলো এই দম্পতির নবম বিবাহবার্ষিকী। সে উপলক্ষে দেয়া এক সাক্ষাৎকারে শাহিদ তার মেয়ের জন্মের সময়ের বিশেষ ঘটনার স্মৃতিচারণ করেন। শাহিদ বলেছেন, মেয়ে হওয়ার পর তার ভেতর কিছু বোধ তৈরি হয়। তিনি বিশেষ কিছু উপলব্ধি করতে পারেন। আর সেই বোধ থেকেই তিনি শ্বশুরের কাছে ক্ষমা চান।

শাহিদের ভাষায়, মেয়ে জন্ম নেয়ার পরই হঠাৎ করেই আমার মনে হলো হয়ত বছর ৩০ পরই এই মেয়েকে বিয়ে দিতে হবে। কেবল নিজের জন্য নয়, ওই সময় সব বাবার জন্য আমার মনটা খারাপ হল।

আর সেই মন খারাপ হওয়া থেকেই শ্বশুরকে ফোন দেন শাহিদ। নিজের সম্ভাব্য ভুলের জন্য ক্ষমাও চান।

বিয়ের পরের বছরই কন্যার বাবা হয়েছিলেন শাহিদ। এরপর ২০১৮ সালে শাহিদ ও মীরার একটি পুত্রসন্তান হয়।

## অবসর ভেঙে ফেরার বার্তা ওয়ার্নারের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আন্তর্জাতিক ক্রিকেটের তিন ফরম্যাট থেকেই অবসর নিয়েছেন অস্ট্রেলিয়ার তারকা ওপেনার ডেভিড ওয়ার্নার। শুরুটা হয়েছিল ওয়ানডে দিয়েই। গত ওয়ানডে বিশ্বকাপ ফাইনালই ছিল এই ফরম্যাটে তার শেষ আন্তর্জাতিক ম্যাচ। গত জানুয়ারিতে টেস্ট ক্রিকেট থেকে অবসর নেওয়ার পর সদ্যসমাপ্ত টি-টোয়েন্টি বিশ্বকাপের পর বিদায় নিয়েছেন এই ফরম্যাট থেকে। সেই ওয়ার্নার মাস না পেরোতেই আবারও ফিরতে চান আন্তর্জাতিক ক্রিকেটে!

আগামী বছরের ফেব্রুয়ারি-মার্চে পাকিস্তানে বসবে চ্যাম্পিয়ন্স ট্রফির আসর। আইসিসির মেগা এই ইভেন্টকে সামনে রেখে অবসর ভেঙে আবারও এই ফরম্যাটে ফিরতে রাজি আছেন ওয়ার্নার। যদিও তিনি সব ছেড়ে দিয়েছেন টিম ম্যানেজমেন্টের ওপরে। ৯ জুলাই সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে এক পোস্ট করেছেন ওয়ার্নার। সেখানে বাঁহাতি এই ওপেনার লিখেছেন, 'আমি আপাতত ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট চালিয়ে যাব। যদি দলে সুযোগ পাই, তবে (অস্ট্রেলিয়ান হয়ে) চ্যাম্পিয়নস ট্রফিতে খেলতেও রাজি আছি। এই দলটি গত কয়েক বছর ধরে অবিশ্বাস্য সাফল্য পাচ্ছে। আশা করি সামনেও এটা অব্যাহত থাকবে।'

এক বছরের বেশি সময় ওয়ানডের বাইরে থাকা ওয়ার্নারকে চ্যাম্পিয়ন্স ট্রফির দলে নেওয়া হবে কি না-সেটাও প্রশ্ন। চ্যাম্পিয়নস ট্রফির আগে অস্ট্রেলিয়ার হয়ে অন্য কোনো টুর্নামেন্ট বা সিরিজে যে দলে থাকবেন না ওয়ার্নার। অস্ট্রেলিয়া এ বছরের সেপ্টেম্বরে ইংল্যান্ডে ও নভেম্বরে পাকিস্তানে যাবে ওয়ানডে খেলতে। ওই দুই সিরিজে তরুণ জেইক ফ্রেজার-ম্যাগার্কের সুযোগ পাওয়ার সম্ভাবনা আছে। অবশ্য গত জানুয়ারিতে এ বিষয়ে অস্ট্রেলিয়া অধিনায়ক প্যাট কামিন্স বলেছিলেন, 'এখন সময় অন্যদের ওয়ানডেতে সুযোগ দেওয়ার, তবে সে যেহেতু ক্রিকেট চালিয়ে যাবে, একদম জরুরি পরিস্থিতিতে তার কথা তো চিন্তা করতেই পারি। তবে ডেভিডকে (ওয়ার্নার) বিশ্বের কোথাও না কোথাও রান করে যেতে হবে। তাই আপনি বলতে পারেন না এটাই শেষ।'

১৬১ ওয়ানডেতে ৪৫.৩০ গড়ে ৬৯৩২ রান করা ওয়ার্নার এই সংস্করণে সেঞ্চুরি করেছেন ২২টি। সেই ওয়ার্নার ইনস্টাগ্রাম পোস্টটা শুরু করেন এভাবে, 'অধ্যায়ের পরিসমাপ্তি! এত লম্বা সময় ধরে সর্বোচ্চ পর্যায়ে খেলার অবিশ্বাস্য এক অভিজ্ঞতা ছিল'। ওয়ার্নার আবার ক্রিকেট মাঠে ফিরছেন কানাডার গ্লোবাল টি-টোয়েন্টি দিয়ে। কোনো মিরাক্কল হয়ে গেলে, চ্যাম্পিয়নস ট্রফিতেও দেখা হয়ে যেতে পারে বিশ্বকাপজয়ী এই তারকার।

# ভারতের কোচের নাম ঘোষণায় যে কারণে দেরী




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আগামী শ্রীলঙ্কা সিরিজ থেকেই ভারতীয় দলের দায়িত্ব নেওয়ার কথা নতুন কোচের। ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) সূত্রে খবর, লড়াইয়ে আছেন গৌতম গম্ভীর এবং ডব্লিউভি রমন। জুলাই মাসের প্রথম সপ্তাহে নতুন কোচের নাম ঘোষণার পরিকল্পনা ছিল বিসিসিআইয়ের। তবে বিশেষ কারণে কয়েক দিন বাড়তি সময় নিচ্ছে ভারতীয় বোর্ড।

কোচ হিসেবে রাহুল দ্রাবিড়ের মেয়াদ শেষ হয়েছে টি-টোয়েন্টি বিশ্বকাপের পর। জিম্বাবুয়ে সফরে শুভমান গিলদের সঙ্গে কোচ হিসাবে আছেন ভিভিএস লক্ষ্মণ। কেন দেরি হচ্ছে নতুন কোচের নাম ঘোষণায়, সেই প্রশ্ন অনেকেরই। জানা গেছে, ভারতের কোচ হওয়ার দৌড়ে এগিয়ে রয়েছেন গম্ভীর। একটি জায়গায় আটকে রয়েছে তার নিয়োগ। বেতন হিসাবে গম্ভীর যে টাকা চেয়েছেন, তা দিতে রাজি নন বোর্ড কর্তারা। বেতন নিয়ে দুই পক্ষের মধ্যে চলছে আলোচনা। ধারণা করা হচ্ছে, কয়েক দিনের মধ্যেই বেতন নিয়ে চলমান আলোচনার ইতি ঘটবে। দ্রাবিড়ের তিন সহকারী ব্যাটিং কোচ বিক্রম রাঠৌর, ফিল্ডিং কোচ টি দিলীপ এবং বোলিং কোচ পরশ মামব্রের মেয়াদও শেষ হয়েছে টি-টোয়েন্টি বিশ্বকাপে। গম্ভীরের অন্যতম শর্ত হল, তাকে পছন্দ মতো সহকারী কোচদের বেছে নিতে দিতে হবে। গম্ভীরের সহকারীরা কত টাকা বেতন নেবেন, সেটিও জেনে নিতে চাচ্ছেন বোর্ড কর্তারা। সবকিছু পরিষ্কার হওয়ার পর ভারতীয় দলের নতুন কোচের নাম ঘোষণা করা হবে।

আগামী ২৭ জুলাই থেকে শুরু হবে ভারত-শ্রীলঙ্কা সিরিজ। দ্বীপরাষ্ট্রের মাটিতে তিনটি করে এক দিনের ম্যাচ এবং টি-টোয়েন্টি ম্যাচ খেলবে ভারতীয় দল। বোর্ড সচিব জয় শাহ জানিয়েছেন, নতুন কোচই দল নিয়ে যাবেন শ্রীলঙ্কায়।

# ভারতের কোচ গৌতম গম্ভীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : জল্পনার অবসান ঘটিয়ে গৌতম গম্ভীরকেই ভারতীয় ক্রিকেট দলের প্রধান কোচ হিসাবে নিয়োগ করেছে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। বেশকিছু দিন ধরে শোনা যাচ্ছিল রাহুল দ্রাবিড়ের পর গম্ভীরকেই কোচ হিসাবে পছন্দ জয় শাহ, রজার বিনিদের। ভারতীয় দলের সাবেক বাঁহাতি ওপেনারও দায়িত্ব নিতে আগ্রহী ছিলেন। অবশেষে মঙ্গলবার সরকারিভাবে গম্ভীরকে কোচ করার সিদ্ধান্ত জানিয়ে দিলেন বোর্ড সচিব জয়। গম্ভীরের সঙ্গে লড়াইয়ে ছিলেন আর এক সাবেক ক্রিকেটার ডব্লিউভি রমন।

ভারতীয় দলের কোচ এবং গম্ভীরের মধ্যে বাধা ছিলেন কলকাতা নাইট রাইডার্সের অন্যতম কর্ণধার শাহরুখ খান। দলকে সাফল্যের রাস্তায় ফেরাতে যে কোনও মূল্যে গম্ভীরকে মেন্টর হিসাবে রেখে দিতে চেয়েছিলেন শাহরুখ। গম্ভীর মেন্টর হয়ে আসায় ১০ বছর পর আবার আইপিএল চ্যাম্পিয়ন হয়েছে কেকেআর। শোনা গিয়েছিল, ১০ বছরের জন্য গম্ভীরকে কেকেআরে নিয়ে এসেছেন বলিউড বাদশা। গম্ভীরকে রাখার জন্য যে কোনও অঙ্কের টাকা খরচ করতেও প্রস্তুত ছিলেন তিনি। দল চ্যাম্পিয়ন হওয়ার পর গম্ভীরকে ভারতীয় দলের জন্য ছাড়তে খুব একটা রাজি ছিলেন না শাহরুখ। শেষ পর্যন্ত দেশের স্বার্থে রাজি হন তিনি।

২০২৩ সালের নভেম্বরে কলকাতায় যোগদানের আগে ২০২২ আইপিএলে লক্ষ্ণৌ সুপারজায়ান্টসের মেন্টরে দায়িত্বে ছিলেন গম্ভীর। অবসর নেওয়ার পর এটুকুই তার কোচিং অভিজ্ঞতা। ভারতের হয়ে ৫৮ টেস্ট, ১৪৭ ওয়ানডে ও ৩৭ টি-টোয়েন্টি খেলা গম্ভীর ২০০৭ টি-টোয়েন্টি বিশ্বকাপ এবং ২০১১ বিশ্বকাপ জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। দুটি ফাইনালেই ভারতের ইনিংসে সর্বোচ্চ রান করেন। সাবেক বাঁহাতি এই ওপেনার কলকাতার অধিনায়ক হিসেবে ২০১২ ও ২০১৪ আইপিএলও জিতেছেন।

## শ্রীলঙ্কার অন্তর্বর্তীকালীন হেড কোচ জয়সুরিয়া




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : টি-টোয়েন্টি বিশ্বকাপে ব্যর্থতার দায়ে পদত্যাগ করেন শ্রীলঙ্কার হেড কোচ ক্রিস সিলভারউড। তাই ঘরের মাঠে ভারতের বিপক্ষে সীমিত ওভারের সিরিজ সামনে রেখে অন্তর্বর্তীকালীন হেড কোচ হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে সাবেক অধিনায়ক সনাথ জয়সুরিয়াকে। জুলাইয়ের শেষে ভারতের বিপক্ষে সীমিত ওভারের সিরিজ এবং সেপ্টেম্বরে ইংল্যান্ডের মাটিতে আসন্ন টেস্ট সিরিজে লঙ্কানদের হেড কোচ হিসেবে দায়িত্ব পালন করবেন জয়সুরিয়া।

এর আগে কোচ হিসেবে কোনো হাইপ্রোফাইল পদে কাজ করেননি জয়সুরিয়া। তবে শ্রীলঙ্কা ক্রিকেট দলের প্রধান নির্বাচক এবং ক্রিকেট পরামর্শক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এখনও তিনি লঙ্কান ক্রিকেটের পরামর্শক।

বিশ্বকাপে শ্রীলঙ্কার ব্যর্থতার পরেই কোচ থেকে পদত্যাগ করেন ক্রিস সিলভারউড। এ ঘটনায় শ্রীলঙ্কা বোর্ডের প্রধান অ্যাশলে ডি'সিলভা জানিয়েছিলেন, বোর্ড বিজ্ঞাপন দিয়ে নতুন কোচ খুঁজবে। সে দেশের কোনো কোচকেও দায়িত্ব দেওয়া হবে। শেষ পর্যন্ত জয়সুরিয়াকে দায়িত্ব দেওয়া হয়েছে।

ডি'সিলভা বলেছেন, "আন্তর্জাতিক ক্রিকেট খেলার প্রচুর অভিজ্ঞতা রয়েছে জয়সুরিয়ার। জাতীয় দলকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ও-ই উপযুক্ত। স্থায়ী কোচ নিয়োগ না হওয়া পর্যন্ত জয়সুরিয়া দায়িত্বে থাকবে।"

টি-টোয়েন্টি বিশ্বকাপে জয়সুরিয়া দলের সঙ্গে ছিলেন পরামর্শদাতা হিসেবে। তবে নির্বাচক হিসেবে পক্ষপাতিত্বের অভিযোগ উঠেছিল তার বিরুদ্ধে। বলা হয়েছিল, সরকারের ঘনিষ্ঠ যে সব ক্রিকেটার, তাদেরই দলে সুযোগ দেওয়া হচ্ছে। তবে জয়সুরিয়া অভিযোগ অস্বীকার করেছিলেন।

নব্বইয়ের দশকে শ্রীলঙ্কার অন্যতম সেরা ক্রিকেটার জয়সুরিয়া। একদিনের ক্রিকেটে সর্বোচ্চ রান সংগ্রাহকদের তালিকায় পঞ্চম স্থানে তিনি। ৪৪৫টি ম্যাচে ১৩৪৩০ রান এবং ৩২৩টি উইকেট রয়েছে তার ঝুলিতে।

## আইসিসির জুন মাসের সেরা ক্রিকেটার বুমরাহ





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : বিশ্বকাপে চমক দেখিয়েছেন ভারতীয় ক্রিকেটার জাসপ্রিত বুমরাহ। ফাইনালে তার দাপুটে বোলিংয়ে বিশ্বকাপ জয়ের কাছে গিয়েও ছিটকে যায় দক্ষিণ আফ্রিকা। যে কারণে আইসিসির জুনের মাস সেরা খেলোয়াড়ের পুরস্কার জিতেছেন ডানহাতি এই পেসার। বিশ্বকাপে বুমরাহর মতো ভালো খেলেছেন ভারতের অধিনায়ক রোহিত শর্মা ও আফগানিস্তানের ওপেনার রহমানুল্লাহ গুরবাজ। তাদের হারিয়ে সেরা হয়েছেন ভারতীয় পেসার। এছাড়া মেয়েদের ক্রিকেটে জুনের সেরা হয়েছেন স্মৃতি মান্দানা।

টি-২০ বিশ্বকাপে বুমরাহ গড়ে ৮.২৬ রান দিয়ে ও ওভার প্রতি ৪.১৭ রান দিয়ে ১৫ উইকেট নিয়েছেন। বিশ্বকাপের সেরা ক্রিকেটারও নির্বাচিত হন তিনি। এবার পেলেন আরও এক পুরস্কার। আইসিসির সেরা ক্রিকেটার হয়ে বুমরাহ বলেন, 'জুন মাসের সেরা ক্রিকেটার নির্বাচিত হতে পেরে আমি উচ্ছ্বসিত। যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে দারুণ একটা মাস কাটানোর পর এই পুরস্কার সত্যিই গর্বিত হওয়ার মতো। দল হিসেবে আমরা অনেক উদযাপন করেছি। এর সঙ্গে ব্যক্তিগত অর্জনে আমি দারুণ খুশি।'

## বন্ধু মোরাতাকে আলকারাজের শুভকামনা

# উইম্বলডন-ইউরো একাকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : জার্মানির বিপক্ষে ফুটবল মাঠে যে অবস্থা হয়েছিল স্পেনের, টেনিস কোর্টে প্রায় একই চ্যালেঞ্জে পড়েছিলেন কার্লোস আলকারাজ। ইউরোর কোয়ার্টার-ফাইনালে জার্মানদের বিপক্ষে কঠিন লড়াইয়ে জিতে তবেই সেমি-ফাইনালে পৌঁছতে পারে স্প্যানিশরা। উইম্বলডনে কোয়ার্টার-ফাইনালে ওঠার লড়াইয়ে প্রবল পরীক্ষায় পড়তে হয় আলকারাজকে। শেষ পর্যন্ত তাতে উতরে যান তিনি। ভাবতে পারেন, ফুটবলের সঙ্গে টেনিসের যোগসূত্র কোথায়! বলছি, মিলিয়ে নিন।

আগের দিন ইংল্যান্ডের জয়ের ক্ষণে কোর্টে লড়ছিলেন নোভাক জোকোভিচ। জার্মানির ডুসেলডর্ফে সেদিন সুইজারল্যান্ডকে রোমাঞ্চকর টাইব্রেকারে হারিয়ে প্রথম ইউরো জয়ের খুব কাছে চলে গেছেন গ্যারেথ সাউদগেটের দল। এই উপলক্ষ্য উদযাপনে লন্ডনের সবুজ কোর্টে জোকোভিচ-অ্যালেক্সি পোপিরিনের ম্যাচটি থমকে গিয়েছিল কয়েক মিনিটের জন্য। আর গতকাল মিলটা খুঁজছেন স্বয়ং আলকারাজ। উইম্বলডনে শিরোপা ধরে রাখার অভিযোনে ছুটছেন তিনি। তবে ২১ বছর বয়সী তারকা চোখ রাখছেন ফুটবল মাঠে তার দেশ স্পেনের অভিযানেও। কোয়ার্টার-ফাইনালে ওঠার লড়াইয়ে প্রথম দুই সেট জিতলেও তৃতীয় সেটে আলকারাজকে একরকম উড়িয়েই দেন ফ্রান্সের ইগো আমবেহ। পরের সেটেও লড়াই জমে দারুণ। তবে শেষ পর্যন্ত অঘটন হয়নি। আলকারাজ ম্যাচ জিতে নেন ৬-৩, ৬-৪, ১-৬, ৭-৫ গেমে।

তিনি নিজে যেমন ফরাসি প্রতিপক্ষকে হারিয়েছেন, তেমনি তার আশা, ফ্রান্সকে হারিয়ে ইউরোর ফাইনালে উঠবে তার দেশ, 'আজকে আমি যে ফলাফল পেলাম, আশা করি তারাও (স্পেন ফুটবল দল) এমন কিছু করবে। টেনিসে আমার কাজটুকু আমি করলাম। আশা ফুটবলেও স্প্যানিশ দল তাদের কাজটা করতে পারবে।' নিজের দেশ বলে স্পেনের প্রতি তার সমর্থন তো হৃদয় থেকেউ উৎসরিত। তিনটি গ্র্যান্ড সস্ল্যামজয়ী তারকা জানালেন, ফুটবল দলের অধিনায়কসহ কয়েকজনের সঙ্গে তার ব্যক্তিগত সম্পর্কও আছে, 'প্রথমত, আমি স্পেনকে সমর্থন করছি, তারা এটা তো স্পেন! দলের কয়েকজনের সঙ্গে আমার দারুণ সম্পর্কও আছে, বিশেষ করে আলভারো মোরাতার সঙ্গে। সে আমার খুব ভালো বন্ধু। এখন সময়টা তাদের পাশে থাকার, সমর্থন করার। আমি জানি, আমি যখন কোনো ম্যাচ বা টুর্নামেন্টে খেলি, তখন তারা আমাকে সমর্থন করেন। এবার আমার পালা।'

জার্মানির বিপক্ষে স্পেনের কোয়ার্টার-ফাইনাল ম্যাচের প্রথম ভাগ দেখতে পারেননি আলকারাজ। তিনি নিজেও যে তখন ব্যস্ত ছিলেন জয়ের লড়াইয়ে! সেই লড়াই গড়িয়েছিল পাঁচ সেটে। পরের ম্যাচেও একই অবস্থা হতে পারে। ফাইনালে ওঠার লড়াইয়ে আজ রাতে ফ্রান্সের মুখোমুখি হবে স্পেন। সেদিনই সেমি-ফাইনালে ওঠার লড়াইয়ে নামবেন আলকারাজ। তার ম্যাচের সূচি অবশ্য ঠিক হয়নি। বৃষ্টির কারণে উইম্বলডনের অনেক ম্যাচের সূচিই ওলট-পালট হয়ে গেছে। আলকারাজের চাওয়া, তার ম্যাচের সঙ্গে ফুটবল ম্যাচের সময়টা যাতে মিলে না যায়, 'আশা করিম মঙ্গলবার আমাদের লড়াই দুটি একই সময়ে হবে না। দেখা যাক... আশা করি, ফুটবল ম্যাচের কিছুটা হলেও অন্তত দেখতে পারব...।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR